



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২৭২৫২

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১৭৮/ ২২৩৩

তারিখঃ ২১/১২/২০১৬খ্রিঃ

বিষয় : অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন রাজাপুর ছালেহিয়া দাখিল মাদরাসার নিয়মিত ম্যানেজিং কমিটির ১ম সভা করতে না পারা এবং ম্যানেজিং কমিটির সকল সদস্যদের পত্যাগের করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভারপ্রাপ্ত সুপার কাগজপত্রসহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, সভাপতি ও সুপারের বিভিন্ন অনিয়ম, স্বেচ্ছাচারিতা ও অনিয়মের কারণে ম্যানেজিং কমিটির দাতা সদস্য-০১ জন, অভিভাবক সদস্য-০৫ জন ও শিক্ষক প্রতিনিধি-০২ জন মোট= ০৮জন সদস্য পদত্যাগ করেছেন।

বর্ণিত অবস্থায় পদত্যাগ জনিত কারণে ম্যানেজিং কমিটির সভা পরিচালনা করার কোরাম পূরণ না থাকায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-প্রশা/২১৩৬/৪/নথি নং- পটুয়াখালী-১৭৮; তারিখঃ ০৭/১১/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, রাজাপুর ছালেহিয়া দাখিল মাদরাসা, বাউফল, পটুয়াখালী।  
২) সুপার/ভারপ্রাপ্ত সুপার, রাজাপুর ছালেহিয়া দাখিল মাদরাসা, বাউফল, পটুয়াখালী।

নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১৭৮/

তারিখঃ /১২/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. জেলা প্রশাসক, পটুয়াখালী।
২. উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী।
৩. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬৭৪৮৭৪